আজকের কাগজ

তারিখ ... 13 NOV 1991 ...
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 2

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে শান্তিপূর্ণভাবে পরীক্ষা হয়েছে

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ বি.এস.সি সাবসিডিয়ারী '৯০ এবং প্রথম পর্ব এম.এ./এম.এস.এস '৮৯ পরীক্ষা গতকাল মঙ্গলবার থেকে পুলিশী নিরাপত্তা ব্যবস্থায় শুরু হয়েছে। শুরুর প্রথম দিনে পরীক্ষাসমূহ শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়েছে।

গতকাল পরীক্ষা আরম্ভ হবার বেশ আগেই কলাভবনের প্রধান গেটে পুলিশ মোতায়েন করা হয়। পরিচয়পত্র দেখিয়ে পরীক্ষার্থীরা কলাভবনের ভেতরে প্রবেশ করে। পরীক্ষা শুরু হবার ঘন্টা বাজার পর কলাভবনের ওপরতলায় ওঠার সিঁড়ি সংলগ্ন কলাপসিবল গেট বন্ধ করে দেয়া হয়। পরীক্ষা চলার সময়ে কলাভবনের একতলার সবগুলো কলাপসিবল গেট বন্ধ ছিলো। এসময় করিডোরে অনেক ছাত্রছাত্রীকে আড্ডা দিতে দেখা গেছে। সব মিলিয়ে কলাভবন এলাকায় পরীক্ষার উপযোগী গুরুগম্ভীর ও শান্ত পরিবেশ বিরাজ করছিলো। পরীক্ষা শেষ হবার পর কয়েকজন পরিক্ষার্থীর সঙ্গে আলাপ করে জানা গেছে, তারা শান্তিপূর্ণভাবে পরীক্ষা দিয়েছেন। কোনো ধরনের হৈ হট্টগোল কিংবা উত্তেজনা তাদের পরীক্ষার পরিবেশকে বিঘ্নিত করেনি। উল্লেখ্য, আজ থেকে ৩য় বর্ষ বি.এ/বি.এস.সি অনার্স '৮৯, শেষ পর্ব এম.এস.সি/এম.ফার্ম '৮৮ এবং আগামীকাল থেকে ১ম পর্ব এম.এস.সি. '৮৯ পরীক্ষা শুরু হবে।

34